107

আজকের কাগজ

তারিখ 19 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ২

ঢাকা শিক্ষা বোর্ডের হেঁয়ালিপনা

# বহু শিক্ষার্থী উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিতে পারবে না

শাহ নিসতার জাহান ঃ ঢাকা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন সংক্রান্ত হেয়ালীপনার কারণে আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নিতে পারবে না বেশকিছু শিক্ষার্থী। প্রাথমিকভাবে জানা গেছে, এ ধরণের শিক্ষার্থীর সংখ্যা ৭০ জন। ঢাকা বোর্ড অফিসের একজন সহকারি পরিদর্শক এ ঘটনার সত্যতা স্বীকার করেছেন। তিনি জানান, ঢাকা শিক্ষা বোর্ডের অধীন দুটি কলেজের শিক্ষার্থী এরা।

একটি সূত্র জানিয়েছে, এসব শিক্ষার্থীরা অন্য বোর্ড থেকে ঢাকা বোর্ডের অধীন বিভিন্ন কলেজে ভর্তি হয়। এজন্য মাইগ্রেশন পদ্ধতি পালন করতে হয়। প্রয়োজনীয় সব কাগজ জমা দিতে হয় কলেজে ভর্তির সময়ই। তারপর বোর্ড থেকে রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যায়। কিন্তু যাবতীয় কাজ সম্পাদনের পরও এসব শিক্ষার্থী তাদের রেজিস্ট্রেশন নম্বর পায়নি। এমনকি তারা পরীক্ষার ফরম পূরণও করে নম্বরবিহীনভাবে। ফরম পূরণের সময় রেজিস্ট্রেশন নম্বরের ঘরটি খালি রেখে দেয়। নিয়ম মতো এ অংশ পূরণ করবে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড। কিন্তু ভাগ্যাহত এ ৭০ জন শিক্ষার্থীকে ঢাকা শিক্ষা বোর্ড এখনো পর্যন্ত রেজিস্ট্রেশন নম্বরটি দেয়নি। ফলে এসব শিক্ষার্থী এবং অভিভাবকরা নিদারুণ দুশ্চিন্তায় দিন যাপন করছে। তারা আদৌ পরীক্ষা দিতে পারবে কিনা সে ব্যাপারেই তারা নিশ্চিত নয়। আগামী ৬ জুলাই ঢাকা বোর্ডসহ সারাদেশে অনুষ্ঠিত হচ্ছে উচ্চ মাধ্যমিক পরীক্ষা। হাতে সময় খুব কম। যতো দিন যাচ্ছে শিক্ষার্থীদের হতাশাও ততোই বাড়ছে। সমস্যা আক্রান্ত ঢাকা আদমজী ক্যান্টনমেন্ট কলেজের এক পরীক্ষার্থী জানিয়েছে, মাইগ্রেশন সংক্রান্ত যাবতীয় কাজ তারা সমাপ্ত করেছে। বোর্ড অফিসে তারা বারবার ধর্ণা দিয়েছে। কিন্তু বোর্ড চেয়ারম্যানের সঙ্গে কথা বলার সুযোগ পায়নি। কিন্তু একজন কর্মকর্তা জানিয়েছেন এ বিষয়ক সব দায়িত্বই বোর্ড চেয়ারম্যানের।

এ বিষয়ে বোর্ড অফিসের একজন পদস্থ কর্মকর্তা জানান, বিষয়টি সম্পূর্ণই নির্ভর করছে বোর্ড চেয়ারম্যানের ওপর। তিনি চাইলেই এসব শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে হতাশামুক্ত করতে পারেন। তার জন্যে এটি কোন বিষয়ই নয়।

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র